

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩২৬

সোনামুড়া, ২৪ এপ্রিল, ২০২৫

রেগায় কাঁঠালিয়া ব্লকে
বিভিন্ন উন্নয়নমূলক কাজ

রেগায় গত অর্থবছরে কাঁঠালিয়া ব্লকের বিভিন্ন এলাকায় উন্নয়নমূলক কর্মসূচি রূপায়িত হয়েছে। এরমধ্যে ব্লকের বাঁশপুকুর পঞ্চায়েত এলাকায় কৃষিকাজের জন্য ৩টি পতিত জমি সমতল করে দেওয়া হয়। এক্ষেত্রে ব্যয় হয়েছে ৬ লক্ষ ৭৪ হাজার ৬৩৭ টাকা। এই কাজে ২ হাজার ৫৪৯টি শ্রমদিবস সৃষ্টি হয়েছে। ৪ লক্ষ ২৪ হাজার ৫৯৯ টাকা ব্যয়ে ১টি চেকড্যাম নির্মাণ করা হয়েছে। এতে ১ হাজার ৫৬৪টি শ্রমদিবস সৃষ্টি হয়েছে। এছাড়া ব্লকের বেজিমাড়া পঞ্চায়েত এলাকায় কৃষিকাজের জন্য ৫টি কৃষি জমি সমতল করে দেওয়া হয়। একাজে ৪ লক্ষ ৫৪ হাজার ৩২ টাকা ব্যয় হয়েছে এবং ১ হাজার ৮২১টি শ্রমদিবস সৃষ্টি হয়েছে। পাশাপাশি কাঁঠালিয়া পঞ্চায়েত এলাকায় ১টি সেচনালা খনন এবং ১টি চেকড্যাম তৈরি করে দেওয়া হয়। একাজে ৪ লক্ষ ৪৫ হাজার ৫৭৪ টাকা ব্যয় হয়েছে এবং ১ হাজার ৮৬১টি শ্রমদিবস সৃষ্টি হয়েছে। কাঁঠালিয়া ব্লক কার্যালয় থেকে এ সংবাদ জানানো হয়েছে।
